

কচুয়া শিক্ষক সমিতির নির্দেশে

স্কুলে স্কুলে নিষিদ্ধ গাইড বই বাধ্যতামূলক পাঠ্য!

প্রতিনিধি, কচুয়া (চাঁদপুর)

চাঁদপুরের কচুয়ায় ২য় থেকে ১০ম শ্রেণী পর্যন্ত শিক্ষার্থীদের হাতে সরকারিনিষিদ্ধ গাইড বইয়ের ব্যাপক ছড়াছড়ি দেখা গেছে। আর এসব উপজেলা শিক্ষক সমিতি বিদ্যালয়ের শিক্ষকদের মাধ্যমেই শিক্ষার্থীদের নিকট বিক্রি করার ব্যাপক অভিযোগ রয়েছে।

ধ্বংস হয়ে যাচ্ছে আগামী প্রজন্মের ভবিষ্যৎ। কচুয়া উপজেলা প্রশাসন এ বিষয়ে তদারকি করে কোন ব্যবস্থা না নেয় তাদের নিয়েও অভিভাবক ও সুশীল সমাজের মধ্যে নানা প্রশ্নে দানা বেঁধেছে উপজেলা বিভিন্ন প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় ঘুরে আমাদের প্রতিনিধি দেখেন ২য় থেকে ১০ম শ্রেণী শিক্ষার্থীদের নিকট নিষিদ্ধ গাইড বইয়ের ব্যাপক ছড়াছড়ি। ৫ম শ্রেণী শিক্ষার্থীদের প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার জন্য প্রাথমিক শিক্ষক সমিতি কর্তৃক এবং ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণী পর্যন্ত বাংলা ও ইংরেজী ব্যাকরণসহ বিভিন্ন গাইড বই বাধ্যতামূলক পাঠ্য করেছে কচুয়া মাধ্যম শিক্ষক সমিতি। নাম প্রকাশে অনিচ্ছুক বিভিন্ন বিদ্যালয়ের কয়েক জন শিক্ষক আমাদের সংবাদকে জানান, শিক্ষক সমিতির নির্দেশে আমাদেরকে বাধ্যতামূলক এসব নিষিদ্ধ গাইড বই পাঠ্য করতে হয়েছে। তারা আরও জানান শিক্ষক সমিতি জানুয়ারি মাসের

আগেই বিভিন্ন প্রকাশনীর নিষিদ্ধ গাইড বই মোটা অংকের কমিশনের বিনিময়ে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে ২য় থেকে ১০ম শ্রেণী শিক্ষার্থীদের নিষিদ্ধ গাইড বই পাঠ্য করার চুক্তি করে নেয়। জানুয়ারি মাসে স্কুল শিক্ষকদের মাধ্যমে শিক্ষার্থীদের এসব সরকারি নিষিদ্ধ নিষিদ্ধ গাইড বই বাধ্যতামূলক অতিরিক্ত মূল্যে বিক্রি করা হয়। এসব নিষিদ্ধ গাইড বই পড়ে সৃজনশীল পরীক্ষার প্রশ্নের উত্তর দিতে পারছে না শিক্ষার্থীরা। মেধা বিকাশের কোমল মতি শিক্ষার্থীদের চরমভাবে বাধা দেয়া হচ্ছে। জানা গেছে, কিছু প্রতিবাদী মেধাবী শিক্ষার্থী রয়েছে তারা শিক্ষকদের বাধ্যতামূলক বেধে দেয়া এসব গাইড না কিনে মেইন বই পড়েন। তারা পরীক্ষার ওই মোতাবেক প্রশ্নের উত্তর দিলে শিক্ষক শিক্ষার্থীদের প্রতি সু-নজরের পরিবর্তে কু-নজরে পড়ে যায়। তাদের উৎসাহিত না করে অনুৎসাহিত করা হয়। দেয়া হয় পরীক্ষায় কম নম্বর। শিক্ষকগণ মেইন বই পড়িয়ে ক্লাসে সরাসরি গাইড বই নিয়ে পড়ানোর ব্যাপক অভিযোগ রয়েছে। এ ব্যাপারে উভয় শিক্ষক সমিতির সভাপতি ও সম্পাদকদের জিজ্ঞেস করলে তারা এর উত্তর এড়িয়ে গিয়ে কোন মন্তব্য করেননি। এ ব্যাপারে সুশীলসমাজ প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের আশু দৃষ্টি কামনা করছেন।